মেহেরপুর পল্লী বিদ্যুৎ সমিতি
মেহেরপুর-৭১০০।

ফোন নং-০৭৯১-৬২৪১১,৬২২৫৮,ই-মেইল:gmmpbs@gmail.com,Web:http://pbs.meherpur.gov.bd

স্মারক নং-২৭.১২.৫৭৮৭.৫৩০.০২.০০৮.২৪.৬৮৭১৮ তারিখ:- ১০ সেপ্টেম্বর ২০২৪ খ্রি: / ২৬ ভাদ্র ' ১৪৩১ বঙ্গাব্দ

# "উন্মুক্ত নিয়োগ বিজ্ঞপ্তি"

মেহেরপুর পল্লী বিদ্যুৎ সমিতিতে **"মালী"** এর শূন্য পদে স্থায়ী ভিত্তিতে লোকবল নিয়োগের নিমিত্তে যোগ্যতাসম্পন্ন বাংলাদেশী নাগরিকদের নিকট হতে নির্ধারিত ফর্মে স্বহস্তে পূরণকৃত নিম্নবর্ণিত শর্ত প্রতিপালন সাপেক্ষে আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে।

| ক্রঃ নং | পদের নাম | বেতন ও অন্যান্য ভাতাদি | পদ সংখ্যা | বয়সসীমা | প্রার্থীর যোগ্যতা ও অভিজ্ঞতা | যে সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন না। |
|---|---|---|---|---|---|---|
| ০১ | **মালী** | পবিস বেতন কাঠামো ২০১৬ মোতাবেক ১৪,৭০০.০০ হতে ৩৭,১৫০.০০ টাকা পর্যন্ত এবং নিয়মানুযায়ী বাড়ী ভাড়া, চিকিৎসা ভাতা ও অন্যান্য ভাতাদি প্রদেয়। | ০১ টি | **০৩/১০/২০২৪** খ্রিঃ প্রার্থীর বয়স ১৮ বছর হতে ৩০ বছরের মধ্যে হতে হবে। তবে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তান এর ক্ষেত্রে বয়সসীমা সর্বোচ্চ ৩২ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য। এক্ষেত্রে জাতীয় পরিচয়পত্র/ জন্ম নিবন্ধন সনদে উল্লেখিত জন্ম তারিখ বয়সের প্রমাণক হিসেবে বিবেচিত হবে। | অক্ষর জ্ঞান সম্পন্ন, প্রার্থীকে অবশ্যই সৎ, বিশ্বস্ত, পরিশ্রমী ও উত্তম চরিত্রের অধিকারী হতে হবে। পরিস্কার পরিচ্ছন্নতা এবং ফুলের বাগান তৈরীর কাজে পারদর্শী হতে হবে। | মেহেরপুর পবিসের ভৌগোলিক এলাকার মেহেরপুর ও চুয়াডাঙ্গা জেলার স্থায়ী বাসিন্দা/ নাগরিকগণ এবং কুষ্টিয়া জেলার **মিরপুর উপজেলার** আমবাড়ীয়া ইউনিয়নের নানদিয়া, সুতাইল, নতুন সুতাইল, সুকচা এবং মালিহাদ ইউনিয়নের মল্লিকপুর, গোপিনাথপুর, ফুলবাড়ীয়া, মালিহাদ, বাজিতপুর, চক হারদী ও ঝুটিয়াডাঙ্গা গ্রামের **স্থায়ী** বাসিন্দাগণ আবেদন করতে পারবেন না। |

**শর্তাবলী:**

০১। মালী পদে নিয়োগলাভে আগ্রহী প্রার্থীগণকে মেহেরপুর পল্লী বিদ্যুৎ সমিতি, মেহেরপুর-৭১০০,এর ওয়েবসাইট http://pbs.Meherpur.gov.bd অথবা বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ডের ওয়েবসাইট www.reb.gov.bd হতে A4 সাইজের কাগজে আবেদন ফরম (ফরম নং পমাসপ ১১০-০০২, ভার্সন-০১) ডাউনলোড করে সংগ্রহ করতে হবে (পূরণযোগ্য প্রবেশপত্রসহ)। সংগৃহীত আবেদন ফরম স্ব-হস্তে যথাযথভাবে পূরণপূর্বক মেহেরপুর পল্লী বিদ্যুৎ সমিতি এর অনুকূলে **১০০.০০** (একশত) টাকা মূল্যমানের পে-অর্ডার/ব্যাংক ড্রাফট আবেদন পত্রের সাথে সংযুক্ত করতঃ আগামী **০৩/১০/২০২৪** খ্রিঃ অফিস চলাকালীন সময়ের মধ্যে জেনারেল ম্যানেজার, মেহেরপুর পল্লী বিদ্যুৎ সমিতি, মেহেরপুর এর বরাবর ডাকযোগে অথবা কুরিয়ার সার্ভিসের মাধ্যমে আবেদনপত্র প্রেরণ করতে হবে। নির্ধারিত আবেদন ফর্ম ব্যতীত অন্য কোন আবেদন ফর্মে/সাদা কাগজে/টাইপকৃত /সরাসরি কোন আবেদনপত্র অথবা উল্লেখিত তারিখের পর প্রাপ্ত কোন আবেদনপত্র গ্রহণযোগ্য হিসেবে বিবেচিত হবে না।

০২। প্রার্থীকে আবেদনপত্রের সাথে নিম্নোক্ত কাগজপত্রাদি প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত (সুস্পষ্ট নাম ও সীলযুক্ত) করে সংযুক্ত করতে হবেঃ

ক) শিক্ষাগত যোগ্যতার সকল মূল/সাময়িক সনদপত্রের সত্যায়িত কপি (মার্কশীট/প্রশংসাপত্র গ্রহণযোগ্য নয়)।
খ) জাতীয় পরিচয় পত্র/জন্ম নিবন্ধন সনদের সত্যায়িত কপি।
গ) স্থানীয় ইউনিয়ন পরিষদ/পৌরসভার মেয়র/ ওয়ার্ড কমিশনার কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র।
ঘ) ছবির পিছনে প্রার্থীর নাম লিখা স্বম্বলিত ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙ্গিন ছবি।
ঙ) ১ম শ্রেণীর গেজেটেড অফিসার কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র।

০৩। **০৩/১০/২০২৪** খ্রিঃ প্রার্থীর বয়স ১৮ হতে ৩০ বছরের মধ্যে হতে হবে। তবে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তানদের ক্ষেত্রে বয়সসীমা ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য। এক্ষেত্রে প্রার্থীকে আবেদনপত্রের সাথে প্রমাণ স্বরূপ মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার (সরকারী নির্দেশনা অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত ও প্রতিস্বাক্ষরিত হতে হবে) সনদের সত্যায়িত কপি দাখিল করতে হবে।

০৪। অসম্পূর্ণ আবেদনপত্র তথা নির্ধারিত আবেদনপত্রটি যথাযথভাবে পূরণ করা না হলে বা আংশিক পূরণ করা হলে বা ভুল তথ্য প্রদান করা হলে বা স্বাক্ষর করা না হলে অথবা প্রার্থী কর্তৃক প্রদত্ত তথ্যে কোন গড়মিল পাওয়া গেলে আবেদনপত্র বাছাই প্রক্রিয়ার অর্থাৎ লিখিত পরীক্ষার পূর্বেই বা পরে যে কোন পর্যায়ে প্রার্থীতা বাতিল করা হবে। যদি কোন প্রার্থীর ক্ষেত্রে আবেদন পত্রের কোন অংশ প্রযোজ্য না হয় সেই ক্ষেত্রে "প্রযোজ্য নয়" উল্লেখ করতে হবে।

০৫। প্রার্থী কর্তৃক তার শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা, জন্ম তারিখ, বয়স, স্থায়ী ঠিকানা ও বর্তমান ঠিকানাসহ আবেদন পত্রে বর্ণিত অন্যান্য যে কোন তথ্য অসম্পূর্ণ বা অসত্য বা অসঙ্গতিপূর্ণ প্রমাণিত হলে তার আবেদনপত্র বাতিল করা হবে।

০৬। প্রার্থীকে অবশ্যই ভদ্র ও প্রফুল্ল চিত্তে জনসাধারণের সাথে কাজ করার মানসিকতা থাকতে হবে। উত্তীর্ণ প্রার্থীকে প্রাথমিক অবস্থায় ০১ (এক) বছরের জন্য "অন-প্রবেশনে" নিয়োগ প্রদান করা হবে। চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থী যোগদানের সময় স্থানীয় সিভিল সার্জন / স্বীকৃত মেডিক্যাল অফিসার/পবিসের রিটেইনার চিকিৎসকের নিকট হতে সুস্থতার সার্টিফিকেট দাখিল করতে হবে। অন প্রবেশন কালে অর্পিত দায়িত্ব ও কর্তব্যসমূহ যাথাযথভাবে সম্পাদন, বার্ষিক কর্মমূল্যায়ন ও পুলিশ ভেরিফিকেশন রিপোর্ট সন্তোষজনক বিবেচিত হলে (পবিস নির্দেশিকা ৩০০-১৪, ৩০০-১৭ এবং ৩০০-২৪ মোতাবেক) শর্ত সাপেক্ষে সমিতির নিজস্ব বেতন কাঠামোর নির্ধারিত বেতন পরিধিতে নিয়মিত করা হবে।

০৭। অত্র পবিসের এলাকা পরিচালক/মহিলা পরিচালক ও সমিতির কর্মকর্তা/কর্মচারীদের স্বামী/স্ত্রীসহ রক্তের সম্পর্কীয় কেউ অথবা তাদের স্বামী/স্ত্রীদের রক্তের সম্পর্কীয় কারো আবেদন করার প্রয়োজন নেই। এ সংক্রান্ত যে কোন তথ্যের সত্যতা প্রমাণিত হলে যেকোন সময় তার প্রার্থীতা বাতিল করা হবে।

০৮। প্রতারণা মূলকভাবে স্থায়ী ঠিকানা ভুল দেওয়া হলে অথবা কোন তথ্য গোপন রেখে নিয়োগপ্রাপ্ত হলে দেশের প্রচলিত আইন অনুযায়ী সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা নেয়া হবে।

০৯। সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের চাকুরীতে নিয়োজিত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

১০। নিয়োগের ক্ষেত্রে কোটা সংক্রান্ত বিধি-বিধান প্রতিপালনে সরকারি সর্বশেষ নির্দেশনা যথাযথভাবে প্রতিপালন করা হবে।

১১। অন্য কোন সংস্থা অথবা কোন পল্লী বিদ্যুৎ সমিতি হতে অপসারিত/বরখাস্তকৃত/স্বেচ্ছায় পদত্যাগকারী প্রার্থীদের উক্ত পদে আবেদন করার প্রয়োজন নাই। প্রতারণা করে অথবা কোন তথ্য গোপন করে নিয়োগ প্রাপ্ত হলে দেশের প্রচলিত আইন অনুযাযী সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে কোন তদন্ত ব্যতিরেকেই তাৎক্ষণিকভাবে তাকে চাকুরীচ্যুত করা হবে এবং দেশের প্রচলিত আইন অনুযাযী সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা নেয়া হবে ।

১২। লিখিত/মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীকে কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না। মৌখিক পরীক্ষার সময় প্রার্থীদের অবশ্যই শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য সনদপত্রের মূল কপি দাখিল করতে হবে।

১৩। খামের উপর বড় অক্ষরে পদের নাম উল্লেখ করতে হবে।

১৪। নিয়োগ সংক্রান্ত যে কোন বিষয়ে মেহেরপুর পবিস কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

২০/৯/২৪
(স্বদেশ কুমার ঘোষ)
জেনারেল ম্যানেজার

অনুলিপি: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়/(সদয় অবগতির জন্য)।
০১। জেলা প্রশাসক/পুলিশ সুপার, মেহেরপুর।
০২। নির্বাহী পরিচালক, বাপবিবো, ঢাকা।
০৩। পরিচালক, পবিস মানব সম্পদ/পবিস মনিটরিং ও ব্য: প:( প:অ:)/আইসিটি পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
০৪। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার, ............পবিস-১/২/৩/৪।
০৫। একান্ত সচিব, চেয়ারম্যান,বাপবিবো,ঢাকা।
০৬। উপজেলা নির্বাহী কর্মকর্তা.......মেহেরপুর।
০৭। ডিজিএম (সদর দপ্তর-কারিগরী)/চুয়াডাঙ্গা/আলমডাঙ্গা/গাংনী/জীবননগর জোনাল অফিস, মেহেরপুর পবিস।
০৮। এজিএম (ওএন্ডএম), বামন্দী/হাটবোয়ালিয়া/দর্শনা/কার্পাসডাঙ্গা/মুজিবনগর সাব-জোনাল অফিস, মেহেরপুর পবিস।
০৯। এজিএম (অর্থ-হিসাব/ওএন্ডএম/মানব সম্পদ/প্রশাসন/ইএন্ডসি/এমএস),মেহেরপুর পবিস।
১০। নোটিশ বোর্ড/ওয়েবসাইট, মেহেরপুর পবিস।
১১। অফিস/মাস্টার কপি।

সদয় অবগতি ও বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের উদ্দেশ্যে আপনার দপ্তরে নোটিশবোর্ডে টানানোর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

২০/৯/২৪
(স্বদেশ কুমার ঘোষ)
জেনারেল ম্যানেজার